

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ২৪/০৯/২০১৬ খ্রি.

**২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে ৪ বছর মেয়াদী ফায়িল স্নাতক (অনার্স) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকায় ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ফায়িল স্নাতক (অনার্স) ১ম বর্ষে ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম বিতরণ করা হচ্ছে।

**ক. অনার্স শ্রেণির বিষয়সমূহ :**

- ১। আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ (কক্ষ নং-১০৫)
- ২। আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ (কক্ষ নং-১০৬)
- ৩। আদ্-দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ (কক্ষ নং-১০৮)
- ৪। আরবি বিভাগ (কক্ষ নং-১০৯)
- ৫। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ (কক্ষ নং-১১১)

**খ. আবেদন করার ন্যূনতম যোগ্যতা :**

২০১৫ ও ২০১৬ সালের আলিম/সমমান এবং দাখিল/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে জিপিএ ২.৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে জি পি এ ৫.৫ (৪র্থ বিষয়সহ) থাকতে হবে।

**গ. ভর্তির পরীক্ষা নম্বর নির্ধারণ :**

ভর্তির পরীক্ষার মান হবে ১০০ (একশত) নম্বর। এর মধ্যে ৮০ নম্বরের MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে দাখিল/সমমান এবং আলিম/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (৪র্থ বিষয়সহ) যথাক্রমে ১০ ও ১০ নম্বর যোগ করে মেধা তালিকা তৈরি করা হবে।

**ঘ. লিখিত পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর :**

লিখিত পরীক্ষার ন্যূনতম পাশ নম্বর হবে ৪০%। অর্থাৎ লিখিত পরীক্ষায় ৮০ নম্বরের মধ্যে ৩২ নম্বর পেতে হবে।

**ঙ. ভর্তির পরীক্ষার নম্বর বিন্যাস :**

- আবশ্যিক বিষয়সমূহ : ইংরেজি-০৫, বাংলা-০৫, সাধারণ জ্ঞান-১০ = মোট ২০  
বাধ্যতামূলক বিষয় : আরবি- ৩০  
ঐচ্ছিক বিষয়সমূহ : কুরআন ও হাদীস - ৩০, ইসলামিক স্টাডিজ -৩০, ইসলামের ইতিহাস-৩০


**চ. আবেদন ফরম সংগ্রহ ও জমা :**

অফিস চলাকালীন মাদরাসার অফিস কক্ষ থেকে আগামী ১৮/১২/২০১৬ তারিখের মধ্যে নির্ধারিত ফি প্রদান করে আবেদন ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করতে হবে ও যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

**ছ. ভর্তি পরীক্ষার তারিখ :**

ভর্তি পরীক্ষার তারিখ ১০/০১/২০১৭ রোজ মঙ্গলবার। সময় : বেলা ১১.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত।

**সার্বিক যোগাযোগ : ০১৭৩৩-৫৪৭১৭৩, ০১৭২৩-১৬৪৮৮০**

  
প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ  
আইডি নং-০০৯৪৯০  
অধ্যক্ষ  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ  
অধ্যক্ষ

সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।